

স্মারক নম্বরঃ ১৩.০২.৪২০০.০০১.২৯.০০১.২১-১৫১

তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর, ২০২৪ খ্রিঃ

সূত্র স্মারকঃ ১৩.০২.০০০০.৭৫১.০১৪.০০৩.২০২১.৬৯১ প্রধান কার্যালয়; ১৪ আগস্ট, ২০২৪ খ্রি.

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য বিষয়ক জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয় ও স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, ঝালকাঠি কর্তৃক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প এর আওতায় বিভিন্ন সময়ে স্কুল কলেজের শিক্ষার্থীদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক স্কুল প্রোগ্রামের আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসাবে আগামী ২৬/১১/২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, ঝালকাঠি এর আয়োজনে ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার সরকারি নলছিটি মার্চেন্টস মাধ্যমিক বিদ্যালয়ের নবম এবং দশম শ্রেণীর ১০০ জন ছাত্রছাত্রীকে নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতামূলক প্রোগ্রাম করার আগ্রহ প্রকাশ করছি।

এমতাবস্থায়, উক্ত কর্মসূচি বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

শিরোনামঃ	শিক্ষার্থীদের নিয়ে নিরাপদ খাদ্য বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা
স্থানঃ	সরকারি নলছিটি মার্চেন্টস মাধ্যমিক বিদ্যালয়, নলছিটি, ঝালকাঠি।
তারিখঃ	২৬/১১/২০২৪ খ্রি.
সময়ঃ	সকাল ১১.০০ ঘটিকা।

Juddin
২৫/১১/২০২৪

ফয়েজ জালাল উদ্দিন
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, ঝালকাঠি
মোবাইল: ০১৫২১৪০০৮৯৬

fso.jhalakathi@bfsa.gov.bd

বিতরণঃ মোঃ আমরুল বাকার বান প্রধান শিক্ষক,
সরকারি নলছিটি মার্চেন্টস মাধ্যমিক বিদ্যালয়, নলছিটি, ঝালকাঠি।

অনুলিপি - সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। পরিচালক (অর্থ ও প্রশাসন), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি।
- ৫। পি এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৬। অফিস কপি।